গগনে গগনে আপনার মনে
কী খেলা তব।
তুমি কত বেশে নিমেষে নিমেষে
নিতুই নব॥
জটার গভীরে লুকালে রবিরে,
ছায়াপটে আঁকো এ কোন্ ছবি রে।
মেঘমল্লারে কী বল আমারে
কেমনে কব॥
বৈশাখী ঝড়ে সে দিনের সেই
অট্টহাসি
গুরুগুরু সুরে কোন্ দূরে দূরে
যায় সে ভাসি।
সে সোনার আলো শ্যামলে মিশালো —
শ্বেত উত্তরী আজ কেন কালো।
লুকালে ছায়ায় মেঘের মায়ায়
কী বৈভব॥

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Dadra, Raag: Mishra-Malhar
Visit www.geetabitan.com for notation and other detail